গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৪৪.০৪.০০০০.০২৮.০৫.০০৮.২৬- ২৭৩

তারিখঃ ০৮ বৈশাখ ১৪৩৩ / ২১ এপ্রিল ২০২৬

**বিষয়ঃ শেরপুর জেলা কারাগারের কারারক্ষী নং-০০৮৪৩ মোঃ মোক্তার হোসাইন (সাময়িক বরখাস্ত) এর অভিযোগের প্রেক্ষিতে চাকরি হতে অব্যাহতি প্রদান।**

সূত্রঃ ক। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২-২২৫ তারিখ: ১২.০৬.২০২২;
খ। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০১.০০২.২৪-১৪৭৩, তারিখ: ১৪.১১.২০২৪
গ। শেরপুর জেলা কারাগারের পত্র নং-৫৮.০৪.৮৯০০.০৯৮.০৩.০১১.২৬-৬৬০(২), তারিখঃ ২১.০২.২০২৬;

উপর্যুক্ত বিষয় সূত্রস্থ 'ক' স্মারক মূলে কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ এর ২(গ) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্ব স্ব বিভাগের কারা উপ মহাপরিদর্শককে ক্ষমতা অর্পন করা হয়েছে।

০২। কারারক্ষী নং-০০৮৪৩ মোঃ মোক্তার হোসাইন (সাময়িক বরখাস্ত) এর গত ২০.০২.২০২৬ তারিখ শেরপুর জেলা কারাগারে কারাভ্যন্তরে ডিউটি এলাকা কারা হাসপাতালের পিছনে সবজি বাগান তল্লাশী করে ০৫(পাঁচ) পুড়িয়া গাঁজা উদ্ধার এবং ব্যারাকে উক্ত কারারক্ষীর নিজস্ব বেড ও ট্রাংক তল্লাশী করে আরো ০৮ (আট) পুরিয়া গাঁজা উদ্ধার করা হয়। মাদকের সাথে জড়িত থাকার অভিযোগে তাকে সাময়িক বরখাস্ত করতঃ ফৌজদারী মামলায় পুলিশের নিকট সোপর্দ করা হয়। পরবর্তীতে তিনি শেরপুর থানার মামলা নং-২৮, তারিখঃ ২০.০২.২০২৬, জি.আর ৭৩/২৬, ধারা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) এর ১৯(ক) এর অন্তবর্তীকালীন হাজতের পরোয়ানা মূলে শেরপুর জেলা কারাগারে আগমন করে এবং ২১.০২.২০২৬ তারিখ অপরাহ্নে কারাগার হতে জামিনে মুক্তি লাভ করে।

০৩। এমতাবস্থায়, কারারক্ষী নং-০০৮৪৩ মোঃ মোক্তার হোসাইন এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ পর্যালোচনা করতঃ শিক্ষানবিশকালে তার আচরণ সন্তোষজনক বিবেচিত না হওয়ায় নিয়োগ পত্রের ২ নং শর্তানুযায়ী চাকরিকাল ০২(দুই) বছর পূর্ণ হয়নি বিধায় তাকে চাকরি হতে অব্যাহতির নির্দেশ প্রদান করা হলো এবং গৃহীত কার্যক্রম যথাসময়ে কারা অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০৩ পাতা।

২১/৪/২৬
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
ময়মনসিংহ বিভাগ
সদর দপ্তর, ময়মনসিংহ।

**অনুলিপিঃ**

১। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
২। জেল সুপার, শেরপুর জেলা কারাগার।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২. ২২৫

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১২ জুন ২০২২

## প্রজ্ঞাপন

বিষয়: কারা অধিদপ্তরের ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলারদের বিভাগীয় মামলা নিষ্পত্তি এবং কারা অধিদপ্তরাধীন কারারক্ষী ও মহিলা কারারক্ষী পদের নিয়োগকারী কর্মকর্তা প্রসঙ্গে।

সূত্র : (ক) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২২-৩১ তারিখ: ২৪-০১-২০২২।
(খ) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০২২-৩২ তারিখ: ২৪-০১-২০২২।

কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১ এর বিধি ৪(২) বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশপ্রাপ্ত কর্মচারীদের নিয়োগ, বদলি ও শৃঙ্খলাজনিত কার্যক্রম পরিচালনার জন্য একই বিধিমালার ২(গ) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা নিম্নরূপভাবে অর্পন করা হলো:

| কর্মচারী (শ্রেণি) | ক্ষমতা অর্পিত কর্মকর্তা | আপীলকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ডেপুটি জেলার (মহিলা/ পুরুষ) | কারা মহাপরিদর্শক | সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| কারারক্ষী ও প্রধান কারারক্ষী (মহিলা/ পুরুষ) | স্ব স্ব বিভাগের কারা উপমহাপরিদর্শক | কারা মহাপরিদর্শক |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(তাহ্‌নিয়া রহমান চৌধুরী)
উপসচিব
ফোন: +৮৮০-২-৯৫৫০০১৭
E-mail: jail1@ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২২.২২৫

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১২ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ বরিশাল/ খুলনা।
২। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সকল।
৪। কারা উপমহাপরিদর্শক, কারা উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ/ বরিশাল/ খুলনা।
৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)।
৬। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১২/০৬/২০২২
(তাহ্‌নিয়া রহমান চৌধুরী)
উপসচিব

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়
শেরপুর জেলা কারাগার
www.prison.sherpur.gov.bd

পত্র নং-৫৮.০৪.৮৯০০.০৯৮.০৩.০১১.২৬- ৫১৫০(২)

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪৩২
২১ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় : কারারক্ষী নং-০০৮৪৩ মোঃ মোক্তার হোসাইন বন্দি হিসেবে কারাগারে আগমন প্রসঙ্গে।

সূত্র : শেরপুর সদর থানার মামলা নং-২৮, তারিখ-২০-০২-২০২৬, জি.আর. নং-৭৩/২৬, ধারা-২০১৮ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১৯ (ক)।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং-০০৮৪৩ মোঃ মোক্তার হোসাইন সূত্রস্থ মামলায় বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জি. আর. আমলী আদালত সদর শেরপুর কর্তৃক অন্তরবর্তীকালীন হাজতের পরোয়ানা মুলে অদ্য ২১-০২-২০২৬ তারিখ অপরাহ্নে অত্র কারাগারে আগমন করেন। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত : বিশদ বিবরণী------০১(এক) পাতা।

২১/০২/২৬
শাহ্ রফিকুল ইসলাম
জেল সুপার
বিজে-০২৭৬০৩০০৩১২
শেরপুর জেলা কারাগার
২১/০২/২৬

কারা উপমহাপরিদর্শক
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

CamScanner



**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

**রোল নম্বর : ১১০৩১৮৭০**

তারিখ : ২৯ কার্তিক, ১৪৩১।
১৪ নভেম্বর, ২০২৪।

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২৪.০১.০০২.২০২৪- ১৪৭৬

## নিয়োগ পত্র

কারা অধিদপ্তরাধীন কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগ কমিটির সুপারিশক্রমে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর টাকা ৯,০০০-২১,৮০০/- স্কেলে (১৭ তম গ্রেড) ও সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতা/সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে কারারক্ষী পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো। আগামী ২৮ নভেম্বর, ২০২৪ তারিখ আপনাকে কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহীতে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

## শর্তাবলী

১। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। কাজে যোগদানের তারিখ হতে যোগদানকৃত পদে চাকরিকাল গণ্য হবে।

২। চাকরিতে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ বছর শিক্ষানবীশকাল হিসাবে গণনা করা হবে। শিক্ষানবিশকালে (দুই)শৃংখলা বহির্ভূত কোন কাজে জড়িয়ে পড়লে বা আচরণ ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপ্রাপ্তকে চাকরি হতে বরখাস্ত করা যাবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্তি শেষে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে বিধি মোতাবেক চাকরিতে স্থায়ী করা হবে।

৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ০৬ (ছয়) মাসের মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা যাবে।

৪। সন্তোষজনক ডাক্তারী প্রত্যয়ন পত্র, সন্তোষজনক মাদকাসক্তি সংক্রান্ত পরীক্ষার রিপোর্ট এবং সন্তোষজনক পুলিশ (ডোপ টেস্ট) ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে, স্থায়ী ঠিকানা সঠিক না হলে, বিবাহিত হলে (মুক্তিযোদ্ধার সন্তান ব্যাতীত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়স প্রমাণে সঠিক পাওয়া না গেলে, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ভূয়া প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৫। কারা বিধি ১ম খন্ডের ১৬১ ধারা মোতাবেক প্রত্যেক অধ:স্তন কর্মচারী চাকরি হতে ইস্তফা দেওয়ার ০২ (দুই) মাস পূর্বে লিখিতভাবে জানাতে বাধ্য থাকবেন।

৬। সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী চাকরিতে তার/তাদের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং সবাই একই ব্যাচের কর্মচারী হিসাবে গণ্য হবেন।

৭। নিয়োগপ্রাপ্ত প্রার্থী কর্তৃপক্ষের নির্দেশক্রমে সারাদেশের যে কোন কারাগার/দপ্তরে চাকরি করতে বাধ্য থাকবেন।

৮। চাকরিতে যোগদানের সময় নিম্নোক্ত সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং নিয়োগপত্রসহ সকল সনদের ০৩ (তিন) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ক। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।
খ। নাগরিকত্বের সনদ।
গ। বৈবাহিক অবস্থার সনদ।
ঘ। জাতীয় পরিচয় পত্র (জাতীয় পরিচয় পত্র না থাকলে জন্মনিবন্ধন এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্র )।
ঙ। ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত)।
চ।সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র।
ছ। সিভিল সার্জন কর্তৃক যাচাইকৃত মাদকাসক্তি সংক্রান্ত (ডোপ টেস্ট) রিপোর্ট।
জ। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র, মুক্তি বার্তা নম্বর এবং গেজেটের কপি(প্রযোজ্য ক্ষেত্রে)।
ঝ। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতী নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কেরসার্টিফিকেট (স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
ঞ। এতিম, আনসার ভিডিপি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র।

৯। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করবেন। অন্যথায় তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১০। এই নিয়োগপত্র যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪/১১/২৪

সৈয়দ মো: মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৪৪ (দপ্তর)।
ig@prison.gov.bd

মো: মোক্তার হোসাইন
পিতা- মো: ফজলুর রহমান
গ্রামঃ গোসাইপুর, ডাকঘরঃ বিষ্ণাউড়ী
পোস্ট কোডঃ ৩৪৬২, উপজেলাঃ কসবা, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner